

বন্যা তথ্য কেন্দ্র

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
পানি ভবন (লেভেল-২, ব্লক-জি), ৭২ গ্রীনরোড, ঢাকা-১২০৫
ই-মেইলঃ ffwcbwdb@gmail.com, ffwc05@yahoo.com
ওয়েবসাইটঃ www.ffwc.gov.bd
দুরালাপনিঃ ০২২২২২-৩০০৭০, ০২২২৩৩-৮৪৬৩১

বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা (১০ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ /২৫ আগস্ট, ২০২৪ খ্রিঃ)

এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ

- দেশের উত্তর-পূর্বাঞ্চল, পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস অব্যাহত আছে।
- বিগত ২৪ ঘণ্টায় পূর্বাঞ্চলীয় কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও ফেনী জেলার ভারতীয় ত্রিপুরা সীমান্তবর্তী অঞ্চলে এবং ত্রিপুরা প্রদেশের অভ্যন্তরীণ অববাহিকাসমূহে উল্লেখযোগ্য বৃষ্টিপাত পরিলক্ষিত হয়নি এবং উজানের নদ-নদীর পানি সমতল হ্রাস অব্যাহত আছে। ফলে বর্তমানে মৌলভীবাজার, হবিগঞ্জ, ফেনী, কুমিল্লা ও চট্টগ্রাম জেলার নিম্নাঞ্চলের বিদ্যমান বন্যা পরিস্থিতির উন্নতি অব্যাহত আছে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারি বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। এ সময় উত্তর-পূর্বাঞ্চলের মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার মনু, খোয়াই, ধলাই নদী সমূহের পানি সমতল হ্রাস পেতে পারে এবং সংলগ্ন নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির উন্নতি অব্যাহত থাকতে পারে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘণ্টায় দেশের পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে মাঝারি থেকে ভারি বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। এ সময় এ অঞ্চলের কুমিল্লা জেলার গোমতী নদীর পানি সমতল স্থিতিশীল থাকতে পারে এবং সংলগ্ন নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘণ্টায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারি বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। এ সময় এ অঞ্চলের বান্দরবান, খাগড়াছড়ি, কক্সবাজার ও চট্টগ্রাম জেলার সাঙ্গু, মাতামুহুরি, কর্ণফুলি হালদা ও অন্যান্য প্রধান নদীসমূহের পানি সমতল সময়বিশেষে বৃদ্ধি পেতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় ফেনী জেলার নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির উন্নতি হচ্ছে, তবে কোন কোন স্থানে স্থিতিশীল থাকতে পারে।
- ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, অপরদিকে গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের সুরমা-কুশিয়ারা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ২৪ ঘণ্টা অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তরাঞ্চলের তিস্তা, ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল সামগ্রিকভাবে স্থিতিশীল আছে, আগামী ৪৮ ঘণ্টায় এই নদীসমূহের স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে।

বন্যা সংক্রান্ত সকল তথ্যের জন্য ভিজিট করুন:


www.ffwc.gov.bd

মোবাইল এপ্লিকেশান: **BWDB Flood App** (গুগল প্লেস্টোর)

কল করুন: ১০৯০ এরপর ৫ (টোল-ফ্রি)

(এছাড়া গুগলের মাধ্যমেও বন্যা তথ্য ও পূর্বাভাস পাওয়া যাবে)

লিংক: g.co/floodalerts এবং g.co/floodhub


(সরদার উদয় রায়হান)

নির্বাহী প্রকৌশলী

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাপাউবো, ঢাকা

পানি সমতল ও বারিপাত তথ্য

(১০ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ / ২৫ আগস্ট, ২০২৪ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী)

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন: ৬টি

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম	মৌসুমী বিপদসীমা (মিটার)	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.)
কুশিয়ারা	অমলশীদ	সিলেট	১৫.৪০	১৫.৫৩	-০১	+১৩
কুশিয়ারা	শেরপুর-সিলেট	সিলেট	৮.৫৫	৮.৫৮	-০৬	+০৩
কুশিয়ারা	মারকুলী	সুনামগঞ্জ	৭.০৫	৭.০৭	-০২	+০২
মনু	মৌলভীবাজার	মৌলভীবাজার	১১.৩০	১১.৫৩	-৬৮	+২৩
গোমতী	কুমিল্লা	কুমিল্লা	১১.৩০	১২.০৮	-১৮	+৭৮
মুহুরি	পরশুরাম	ফেণী	১২.৫৫		যোগাযোগ বিচ্ছিন্ন	

গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য

বাংলাদেশের অভ্যন্তরে:

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
খুলনা	১৫০.০	সিরাজগঞ্জ	১২৩.০
লামা (বান্দরবন)	৯১.০	পটুয়াখালী	৭৫.০
টেকনাফ (কক্সবাজার)	৭২.০	বরিশাল	৬৯.০
মাদারীপুর	৬৪.০	মহেশখোলা (সুনামগঞ্জ)	৫৯.০
লাটু (সিলেট)	৫০.০	চাঁদপুর	৪০.০

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
সিলচর (আসাম)	৩৩.০	আইজল (মিজোরাম)	১৭.০	চেরাপুঞ্জি (মেঘালয়)	১৩.০

নদ-নদীর অবস্থা

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১১৬	গেজ স্টেশন বন্ধ আছে	০০
বৃদ্ধি	২৮	গেজ পাঠ পাওয়া যায়নি	০১
হ্রাস	৮৩	মোট তথ্য পাওয়া যায়নি	০১ (পরশুরাম, যোগাযোগ বিচ্ছিন্ন)
অপরিবর্তিত	০৪	বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা	০৬
(পর্যবেক্ষণকৃত স্টেশন সমূহের তথ্যের ভিত্তিতে)			
বন্যা আক্রান্ত জেলার সংখ্যা	০৩	বিপদসীমার উপরে নদীর সংখ্যা	০৪
বিপদসীমার উপরে নদীসমূহের নাম	কুশিয়ারা, মনু, গোমতী, মুহুরি		
বন্যা আক্রান্ত জেলার নাম	মৌলভীবাজার, কুমিল্লা, ফেণী		

বন্যা সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ করুন:

০১৫৫২-৩৫৩৪৩৩, ০১৫৫৯-৭২৮১৫৮, ০১৭৬৫-৪০৫৫৭৬

(সরদার উদয় রায়হান)

নির্বাহী প্রকৌশলী

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাপাউবো, ঢাকা